রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ই মার্চ, ১৯৮৬

নং এস, আর, ও, ৮৫ এল/৮৬—১৯৮২ সালের বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ অধ্যাদেশের (১৯৮২ সালের ৫২ নং অধ্যাদেশ) ২৭ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা** ।—এই বিধিমালা বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ (নিবন্ধন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা** ।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই অধ্যাদেশে ।—

(ক) "ছক" অর্থ এই বিধিমালায় সংযোজিত ছক;

(খ) "অধ্যাদেশ" অর্থ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ৫২ নং অধ্যাদেশ);

(গ) "ধারা" অর্থ এই অধ্যাদেশের ধারা;

(ঘ) "সিডিউল" অর্থ এই বিধিমালার সিডিউল।

৩। **হোটেলের সর্বনিম্ন মানদন্ড** ।—হোটেলসমূহের এক তারকা, দুই তারকা, তিন তারকা, চার তারকা এবং পাঁচ তারকা শ্রেণীবিন্যাসের জন্য হোটেলের মানদন্ড প্রথম তফসিলে বর্ণিত হইল।



মূল্য ঃ টাকা ৪.০০

৪। **নিবন্ধন ফি**।—ধারা ৫ এ বর্ণিত হোটেল ও রেস্তোরাঁর নিবন্ধনের জন্য প্রতিটি আবেদন-পত্রের সহিত নির্ধারিত নিবন্ধন ফি দ্বিতীয় তফসিলে বর্ণিত মহাহিসাব রক্ষকের নির্দিষ্ট খাতে জমা দিয়া ট্রেজারী চালানের কপি অথবা ব্যাংক রসিদ জমা দিতে হইবে।

৫। **লাইসেন্সের জন্য আবেদন**।—(১) ধারা ৫ মোতাবেক হোটেল ও রেস্তোরাঁর প্রত্যেক মালিক তাঁহাদের স্ব স্ব হোটেল ও রেস্টুরেন্টের নিবন্ধনের পর 'ক' ছকে হোটেল ও রেস্তোরাঁর নিয়ন্ত্রকের নিকট সংশ্লিষ্ট হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করিবেন।

(২) প্রত্যেক স্থানের হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্সের জন্য ভিন্ন ভিন্ন আবেদন করিতে হইবে।

(৩) নিম্নবর্ণিত হারে ফি পরিশোধ করিয়া নিয়ন্ত্রকের অফিস হইতে আবেদন ছক সংগ্রহ করা যাইবে—

(ক) পাঁচ তারকা হোটেলের জন্য টাকা ৫০০.০০ ;

(খ) চার তারকা হোটেলের জন্য টাকা ৪০০.০০ ;

(গ) তিন তারকা হোটেলের জন্য টাকা ৩০০.০০ ;

(ঘ) দুই তারকা হোটেলের জন্য টাকা ২০০.০০ ;

(ঙ) এক তারকা হোটেলের জন্য টাকা ১০০.০০ ;

(চ) রেস্তোরাঁর জন্য টাকা ৫০.০০।

৬। **আবেদনপত্র মঞ্জুরী ও না-মঞ্জুরী**।—(১) নিম্নবর্ণিত ক্ষেত্রে নিয়ন্ত্রক তাঁহার বিবেচনানুযায়ী প্রয়োজনীয় তদন্তের পর আবেদনপত্র মঞ্জুরী ও না-মঞ্জুরী করিতে পারেন,—

(ক) যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে হোটেল অথবা রেস্তোরাঁর মালিক এই অধ্যাদেশের বিধানাবলী, তদধীন প্রণীত বিধিমালা এবং এতদুদ্দেশ্যে জারীকৃত অন্যান্য নির্দেশ প্রতিপালন করিয়াছে তবে লাইসেন্সের জন্য আবেদনপত্রটি গ্রহণ করিবেন;

(খ) কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন আবেদন না-মঞ্জুর করিতে পারেন তবে শর্ত থাকে যে কোন আবেদনকারীর শুনানী গ্রহণ না করিয়া কোন আবেদনপত্র না-মঞ্জুর করা যাইবে না।

(২) আবেদন মঞ্জুর করা হইলে নিয়ন্ত্রক বিধি ৪ এ উল্লিখিত দ্বিতীয় তফসিলে বর্ণিত লাইসেন্স ফি পরিশোধ করিতে আবেদনকারীকে লিখিতভাবে নির্দেশ দান করিবেন।

৭। **লাইসেন্স মঞ্জুরী**।—নিয়ন্ত্রক লাইসেন্স ফি জমাদান সংক্রান্ত ট্রেজারী চালান অথবা ব্যাংক রসিদের কপি পাওয়ার ১৫ দিনের ভিতর 'খ' নং ছকে হোটেলের এবং 'গ' নং ছকে, রেস্তোরাঁর লাইসেন্স প্রদান করিবেন।

৮। **লাইসেন্সের মেয়াদ**।—বিধি ৬ অনুযায়ী প্রদত্ত লাইসেন্স এবং বিধি ৯ অনুযায়ী লাইসেন্স নবায়ন সনদ সংশ্লিষ্ট বৎসরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বহাল থাকিবে।

৯। **লাইসেন্স নবায়ন**।—(১) প্রত্যেক ডিসেম্বর মাসে ১ হইতে ৩১ তারিখের ভিতর (উভয় তারিখসহ) পরবর্তী বৎসরের লাইসেন্স নবায়নের জন্য নিয়ন্ত্রকের নিকট আবেদন করিতে হইবে।

(২) বিধি ৪এ উল্লিখিত দ্বিতীয় তফসিলে বর্ণিত হারে ফি পরিশোধ করিয়া উহার ট্রেজারী চালান অথবা ব্যাংক রসিদের কপিসহ এই বিধির অধীন লাইসেন্স নবায়নের আবেদন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে যদি কোন আবেদনকারী যথাসময়ে লাইসেন্স নবায়নের আবেদন করিতে ব্যর্থ হন তবে প্রত্যেক মাস অথবা উহার কোন অংশের জন্য অতিরিক্ত পাঁচশত টাকা পরিশোধ করিবেন এবং উপ-বিধি ১এ বর্ণিত তিন মাস বিলম্বের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না ঃ

পুনরায় শর্ত থাকে যে, যদি হোটেল অথবা রেস্তোরাঁ লিমিটেড কোম্পানী হয় তবে লাইসেন্স নবায়নের আবেদন পত্রের সহিত চাটার্ড এ্যাকাউন্ট্যান্ট কর্তৃক সংশ্লিষ্ট বৎসরের পূর্ববর্তী বৎসরের হিসাব নিরীক্ষা করাইয়া উহার প্রতিবেদন পেশ করিতে হইবে।

(৩) লাইসেন্স নবায়নের আবেদনপত্র পাওয়ার পর নিয়ন্ত্রক প্রয়োজনীয় তদন্ত সম্পন্ন করিয়া নিজে স্ট্যাম্প সংযোজন করতঃ লাইসেন্স নবায়ন করিয়া দিবেন।

(৪) এই বিধিতে যাহাই থাকুক না কেন হোটেল ও রেস্তোরাঁর মালিকগণ লাইসেন্স নবায়নের আবেদন করিয়া উহার নিষ্পত্তির পূর্ব পর্যন্ত ব্যবসা চালাইয়া যাইতে পারিবেন।

১০।**লাইসেন্স ও নামফলক প্রদর্শন**।—প্রত্যেক হোটেল ও রেস্তোরাঁর মালিক প্রকাশ্য স্থানে তাঁহার হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্স ও নামফলক টাংগাইয়া প্রদর্শন করিবেন।

১১।**অতিথি নিবন্ধন**।—(১) প্রত্যেক হোটেল ও রেস্তোরাঁর অতিথিদের একটি নিবন্ধন বহি ব্যবহার করিতে হইবে।

(২) অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদির সহিত অতিথিদের নাম, পিতা/স্বামীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা, পাসপোর্ট নম্বর, ভ্রমণের উদ্দেশ্য এবং হোটেল ও রেস্তোরাঁতে আগমন ও প্রস্থানের সময় লিপিবদ্ধ করিতে হইবে।

১২।**শ্রেণীবিন্যাস পরিবর্তন**।—(১) যদি নিয়ন্ত্রকের নিকট ইহা প্রতীয়মান হয় যে কোন হোটেল উহার জন্য নির্দিষ্ট শ্রেণীবিন্যাস মান প্রতিপালন করিতে সক্ষম হইতেছে না তবে তিনি ঐ হোটেলের মান কমাইয়া অথবা পরিবর্তন করিয়া দিতে পারেন ঃ

তবে শর্ত থাকে যে নির্দিষ্ট শ্রেণীমান বজায় রাখার অথবা উন্নত করার জন্য নিয়ন্ত্রকের বিবেচনানুযায়ী যুক্তিসংগত সময় প্রদান ও নোটিশ না দেওয়া পর্যন্ত তিনি এই উপ-বিধির অধীন ব্যবস্থা গ্রহণ করিবেন না।

১৩। **হোটেল ও রেস্তোরাঁর প্রবিধান**।—(১) হোটেলের লাইসেন্স তারিখ ত্রিশ দিনের মধ্যে প্রত্যেক মালিক তাহার সংশ্লিষ্ট হোটেল অথবা রেস্তোরাঁ প্রতিষ্ঠান প্রবিধানমালা প্রণয়ন করিয়া উহা নিয়ন্ত্রকের নিকট পেশ করিবেন।

(২) নিয়ন্ত্রক উপ-বিধি ১এর অধীন প্রবিধানমালা সংশোধন করিয়া অথবা সংশোধন ছাড়াই উহা পেশ করার এক মাসের মধ্যে অনুমোদন করিবেন।

(৩) কোন মালিক যদি তাঁহার হোটেল অথবা রেস্তোরাঁর প্রবিধানমালা সংশোধন করিতে চান তবে ঐ সংশোধনী প্রস্তাব অনুমোদনের জন্য নিয়ন্ত্রকের নিকট পেশ করিবেন। ঐ সংশোধনী প্রস্তাব পেশ করার এক মাসের মধ্যে নিয়ন্ত্রক উহা যথোপযুক্ত বলিয়া মনে করিলে ঐ ভাবেই অন্যথায় প্রয়োজনীয় পরিবর্তন করিয়া অনুমোদন করিবেন।

১৪। **সংক্ষিপ্ত তদন্ত কার্যপ্রণালী**।—(১) নিয়ন্ত্রক কোন হোটেল অথবা রেস্তোরাঁর কোন অভিযোগ সংক্ষিপ্ত তদন্ত করার প্রয়োজন মনে করিলে অভিযোগের বিবরণী, সংশ্লিষ্ট হোটেল ও রেস্তোরাঁর মালিক বা ব্যবস্থাপক এবং অন্য যে কোন ব্যক্তি বা ব্যক্তিগণ যাহার নিকট এতদ্‌সংক্রান্ত কোন তথ্য থাকিতে পারে তাহাদের বক্তব্য লিপিবদ্ধ করিবেন এবং অভিযুক্ত ব্যক্তিকে তাঁহার অবস্থা ও স্বপক্ষে যুক্তি, যদি থাকে, তবে তাহা ব্যাখ্যা করার সুযোগদান করিবেন।

(২) উপ-বিধি ১ অনুযায়ী তদন্ত করার পর নিয়ন্ত্রক এতদসম্পর্কে যুক্তিসহ তাঁহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং আদেশ প্রদান করিবেন।

১৫। **আপীল ও রিভিশন**।—(১) কোন ব্যক্তি নিয়ন্ত্রকের আদেশে ক্ষুব্ধ হইলে বিধি ১৩ এর অধীন অনুরূপ আদেশের ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপীল আকারে আবেদন করিতে পারিবেন।

(২) যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইবে উহার অনুলিপিসহ দুই কপি আবেদন পেশ করিতে হইবে।

(৩) উপ-বিধি ১ এর অধীন আপীল আবেদনকারীকে শুনানীর সুযোগ দিয়া সরকার এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) কোন সিদ্ধান্ত দ্বারা কোন ব্যক্তি ক্ষুব্ধ হইলে তিনি উপ-বিধি ৩ এর অধীন আপীল কর্তৃপক্ষের প্রদত্ত আদেশের ১৫ দিনের মধ্যে সরকারের নিকট উক্ত সিদ্ধান্ত রিভিশন করার আবেদন করিতে পারেন।

(৫) ৪ উপ-বিধি অধীন আবেদন করিতে হইলে আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় কাগজপত্র এবং আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তের অনুলিপি পেশ করিতে হইবে।

(৬) সরকার এই রিভিশন আবেদনের পরিপ্রেক্ষিতে যাহা উপযুক্ত মনে করিবেন সেই সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং ঐ সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহা সংশ্লিষ্ট সকলের উপর বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হইবে।

১ । উপদেষ্টা কমিটি ।—(১) উপদেষ্টা কমিটি সরকারকে নিম্নবর্ণিত বিষয়সমূহ সম্পর্কে পরামর্শ প্রদান করিবেন, যথাঃ—

(ক) হোটেল ও রেস্তোরাঁ সম্পর্কে নীতি ও নির্দেশনা সংক্রান্ত বিষয়সমূহ;

(খ) হোটেল ও রেস্তোরাঁ শ্রেণীমান নির্ধারণ;

(গ) হোটেল ও রেস্তোরাঁ লাইসেন্স প্রদান;

(ঘ) হোটেল ও রেস্তোরাঁর উন্নয়ন সংক্রান্ত বিষয়সমূহ;

(ঙ) হোটেল ও রেস্তোরাঁ আমদানী নীতির সহিত সরকারের সমন্বয় সাধন;

(চ) সরকার কর্তৃক উপদেষ্ট কমিটির নিকট প্রেরিত অন্য যে কোন সিদ্ধান্তের বিষয় ।

(২) বিভিন্ন সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুযায়ী উপদেষ্টা কমিটি নিয়ন্ত্রিত হইবে।

১৭। কর্মচারীদের ডাক্তারী সনদ।—প্রত্যেক হোটেল ও রেস্তোরাঁ মালিক 'ঘ' ছকে সিভিল সার্জনের নিকট হইতে তাঁহার হোটেল অথবা রেস্তোরাঁ কর্মচারীদের স্বাস্থ্যগত যোগ্যতার সনদ সংগ্রহ করিয়া পেশ করিবেন।

## প্রথম তফসিল

১। একটি এক তারকা হোটেলের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা থাকিতে হইবে—

(ক) ১০টি শয়ন কক্ষ, যাহার কমপক্ষে ২০% স্যানিটারী স্নানাগার সংযুক্ত;

(খ) প্রত্যেক তলায় পুরুষ ও মহিলাদের পৃথকভাবে দুইটি সাধারণ স্নানাগার ও শৌচাগার;

(গ) টেলিফোন করার ব্যবস্থা ;

(ঘ) বিদ্যুৎ সরবরাহ ; এবং প্রত্যেক স্নানাগারে পানির সরবরাহ;

(ঙ) এই অধ্যাদেশের ২০ ধারা অনুযায়ী চিকিৎসা ও প্রাথমিক চিকিৎসার সুযোগ-সুবিধা।

২। একটি দুই তারকা হোটেলের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা থাকিতে হইবে—

(ক) ৫০টি শয়ন কক্ষ, যাহার ৫০% স্যানিটারী স্নানাগার এবং বৈদ্যুতিক পাখা সংযুক্ত;

(খ) প্রত্যেক তলায় পুরুষ ও মহিলাদের পৃথকভাবে দুইটি সাধারণ স্নানাগার ও শৌচাগার;

(গ) রেস্তোরাঁ এবং লাউঞ্জ;

(ঘ) স্নানাগারে বিদ্যুৎ ও পানি সরবরাহ;

(ঙ) অধ্যাদেশের ২০ ধারা অনুযায়ী চিকিৎসা ও প্রাথমিক চিকিৎসার সুযোগ সুবিধা;

(চ) হোটেলের সুবিধামত স্থানে টেলিফোন সুবিধাসহ ২৪ ঘন্টা খোলা একটি অফিস ।

৩। একটি তিন তারকা হোটেলের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা থাকিতে হইবে—

(ক) ১০০টি স্যানিটারী স্নানাগার ও কার্পেট সংযুক্ত শয়ন কক্ষ, যাহার কমপক্ষে ৫০% শীতাতপ নিয়ন্ত্রিত এবং বাকীগুলি বৈদ্যুতিক পাখাসহ;

(খ) প্রত্যেক কক্ষ টেলিফোন সংযুক্ত, যাহার ৫০% সরাসরি ডায়ালযোগ্য;

(গ) ব্যাঙ্কুয়েট হল, সভাকক্ষ, সম্মেলন কক্ষ, আধুনিক রান্নাঘর, রেস্তোরাঁ এবং ভোজন কক্ষ;

(ঘ) প্রত্যেক স্নানাগারে গরম ও ঠাণ্ডা পানি সরবরাহ এবং আগুনে ফুটানো, পরিস্রুত এবং রাসায়নিকভাবে বিশোধিত পানি সরবরাহের ব্যবস্থা;

(ঙ) অধ্যাদেশের ২০ ধারা অনুযায়ী চিকিৎসা সুবিধা;

(চ) হোটেল সম্মুখে ২৪ ঘন্টা খোলা একটি অফিস।

৪। একটি চার তারকা হোটেলের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা থাকিতে হইবে—

(ক) শীতাতপ নিয়ন্ত্রিত, কার্পেট ও স্যানিটারী স্নানাগার সংযুক্ত ১৫০টি শয়ন কক্ষ;

(খ) প্রত্যেক কক্ষে সরাসরি ডায়ালযোগ্য টেলিফোন, টেলিভিশন অথবা সংগীত চ্যানেল;

(গ) টেলেক্স সুবিধা;

(ঘ) ব্যাঙ্কুয়েট হল, সভাকক্ষ, আধুনিকভাবে সজ্জিত সম্মেলন কক্ষ, আধুনিক রান্নাঘর, রেস্তোরাঁ, ভোজন কক্ষ এবং লন্ড্রী;

(ঙ) টুপি, কোট, পার্সেল ইত্যাদি অল্প সময়ের জন্য রেখে দেবার জায়গা, ফেলে যাওয়া জিনিষপত্র সংরক্ষণ কক্ষ এবং সাময়িক অতিথিদের জন্য শৌচাগার ব্যবস্থা;

(চ) প্রত্যেক স্নানাগারে গরম ও ঠাণ্ডা পানির সরবরাহ এবং আগুনে ফুটানো, পরিস্রুত এবং রাসায়নিকভাবে বিশোধিত পানি সরবরাহের ব্যবস্থা;

(ছ) সুইমিং পুল এবং ক্রীড়া ও খেলাধুলার ব্যবস্থা;

(জ) ২৪ ঘন্টা অগ্নি নির্বাপন, এ্যাম্বুলেন্স ভ্যান, চিকিৎসা এবং প্রাথমিক চিকিৎসার সুযোগ-সুবিধা;

(ঝ) এই অধ্যাদেশের ২০ ধারা অনুযায়ী চিকিৎসা সুবিধা;

(ঞ) হোটেল সম্মুখে ২৪ ঘন্টা খোলা একটি অফিস।

৫। একটি পাঁচ তারকা হোটেলের নিম্নবর্ণিত সুযোগ-সুবিধা থাকিতে হইবে—

(ক) কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত, কার্পেট এবং স্যানিটারী স্নানাগার সংযুক্ত ডিলাক্স স্যুটসহ ২০০টি শয়ন কক্ষ ;

(খ) প্রত্যেক কক্ষে সরাসরি ডায়ালযোগ্য টেলিফোন, টেলিভিশন অথবা সঙ্গীত চ্যানেল;

(গ) টেলেক্সসহ সাচিবিক সুযোগ-সুবিধা;

(ঘ) ব্যাঙ্কুয়েট হল, সভাকক্ষ, আধুনিকভাবে সজ্জিত সম্মেলন কক্ষ, আধুনিক রান্নাঘর, রেস্তোরাঁ, ভোজন কক্ষ এবং লন্ড্রী;

(ঙ) টুপি, কোট, পার্সেল ইত্যাদি অল্প সময়ের জন্য রেখে দেবার জায়গা, ফেলে যাওয়া জিনিষপত্র সংরক্ষণ কক্ষ এবং সাময়িক অতিথিদের জন্য শৌচাগার ব্যবস্থা;

(চ) প্রত্যেক স্নানাগারে গরম ও ঠাণ্ডা পানির সরবরাহ এবং আগুনে ফুটানো, পরিস্রুত এবং রাসায়নিকভাবে বিশোধিত পানি সরবরাহের ব্যবস্থা;

(ছ) সুইমিং পুল, স্বাস্থ্য ক্লাব এবং ক্রীড়া ও খেলাধুলার ব্যবস্থা;

(জ) ২৪ ঘন্টা অগ্নি নির্বাপন, এ্যাম্বুলেন্স ভ্যান, চিকিৎসা ও প্রাথমিক চিকিৎসার সুযোগ-সুবিধা;

(ঝ) এই অধ্যাদেশের ২০ ধারা অনুযায়ী চিকিৎসা সুবিধা;

(ঞ) হোটেল সম্মুখে ২৪ ঘন্টা খোলা একটি অফিস।

## দ্বিতীয় তফসিল

### (বিধি ৪, ৫ ও ৮ দ্রষ্টব্য)

| হোটেল | নিবন্ধন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| এক তারকা হোটেল | ১০০ | ২,০০০ | ৭৫০ |
| দুই তারকা হোটেল | ২০০ | ৫,০০০ | ১,৫০০ |
| তিন তারকা হোটেল | ৩০০ | ১৫,০০০ | ৪,০০০ |
| চার তারকা হোটেল | ৪০০ | ২০,০০০ | ৫,০০০ |
| পাঁচ তারকা হোটেল | ৫০০ | ২৫,০০০ | ৬,০০০ |

### ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের রেস্তোরাঁ

| | নিবন্ধন ফি | লাইসেন্স ফি | নবায়ন ফি |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| (ক) আসন সংখ্যা ৩০—৭০ (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৫০ | ১,৫০০ | ৫০০ |
| (খ) আসন সংখ্যা ৩০—৭০ (শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন) | ৫০ | ৭৫০ | ২৫০ |
| (গ) আসন সংখ্যা ৭০ এর উর্দ্ধে (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৫০ | ২,০০০ | ৭৫০ |

অন্যান্য স্থানের রেস্তোরাঁ

| | নিবন্ধন ফি টাকা | লাইসেন্স ফি টাকা | নবায়ন ফি টাকা |
|---|---|---|---|
| (ঙ) আসন সংখ্যা ৩০—৭০ (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৫০ | ৮০০ | ৩০০ |
| (চ) আসন সংখ্যা ৩০—৭০ (শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন) | ৫০ | ৪০০ | ২৫০ |
| (ছ) আসন সংখ্যা ৭০ এর উর্দ্ধে (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৫০ | ১,০০০ | ৫০০ |
| (ঝ) আসন সংখ্যা ৭০ এর উর্দ্ধে (শীতাতপ নিয়ন্ত্রণ বিহীন) | ৫০ | ৫০০ | ২৫০ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ নিবন্ধীকরণ ও শ্রেণীবিন্যাসকরণ কোষ

**বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ (নিবন্ধীকরণ, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬-এর ৫নং বিধি অনুসারে আবেদনপত্রের ফরম।**

১। হোটেল এবং রেস্তোরাঁ নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত নিবন্ধন নম্বর ও তারিখ :

২। কোন শ্রেণীর জন্য নিবন্ধনকৃত হইয়াছে (সংযুক্তি এ-তে বিস্তারিত তথ্য প্রদান করুন) :

৩। ব্যবসার ধরণ—হোটেল/রেস্তোরাঁ, উল্লেখ করুন :

৪। হোটেল/রেস্তোরাঁর নাম :

৫। হোটেল/রেস্তোরাঁর অবস্থান :

৬। ভবনের প্লিন্থের মোট আয়তন :

৭। বাড়ীর মালিকের নাম :

৮। ভাড়া করা বাড়ীর ক্ষেত্রে ভাড়ার দলিল ও ভাড়ার হালনাগাদ রসিদ সংযুক্ত করুন :

৯। হোটেল/রেস্তোরাঁর মালিকানার বিবরণ উল্লেখ করুন :
(সংযুক্তি 'বি'-তে বিস্তারিত তথ্য প্রদান করুন। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে একত্রীকরণ সনদ, সংঘ অনুচ্ছেদ ও স্মারকের কপি সংযুক্ত করুন)

১০। হোটেল/রেস্তোরাঁর মূলধন উল্লেখ করুন :

১১। ব্যাংকারের নাম ও ঠিকানা :

১২। পৌর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স নম্বর (সনদপত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে) :

১৩। আয়কর নিবন্ধন নম্বর (সনদপত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে) :

১৪। কর্মচারীর মোট সংখ্যা (সংযুক্তি 'সি'-তে বিভিন্ন শ্রেণীর কর্মচারীর পূর্ণ তালিকা প্রদান করুন) :

১৫। এই আবেদনপত্রের সহিত সংযুক্ত ডাক্তারী সনদপত্রসমূহের মোট সংখ্যা :

১৬। হোটেল/রেস্টুরেন্টের আবেদনকারীর পদমর্যাদা উল্লেখ করুন :

আমি.......................................................................নিম্নস্বাক্ষরকারী আবেদনপত্র জমা দিলাম এবং প্রত্যয়ন করিতেছি যে, উপরে এবং সংযুক্তি তিনটিতে উল্লিখিত তথ্যসমূহ সত্য ও সঠিক। আমি অংগীকার করিতেছি যে, আবেদনপত্রের সমর্থনে কোন অতিরিক্ত তথ্য প্রদান করিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুরোধ করিলে উহা প্রদান করিব।

...............................................

তারিখ : (আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর)

সংযুক্তি 'এ'

## হোটেলের তলাভিত্তিক শয়ন কক্ষের সুবিধাদি সম্পর্কিত তথ্যাদি

তলা নম্বর.......................

| শয়ন কক্ষের সংখ্যা | শয়ন কক্ষের সুযোগ-সুবিধা (সংখ্যা উল্লেখ করিতে হইবে) | বাথরুমের সুযোগ-সুবিধা (সংখ্যা উল্লেখ করিতে হইবে) | হল রুমেরসুযোগ-সুবিধা (প্রযোজ্যক্ষেত্রে হ্যাঁ/নালিখুন | অন্যান্য সুযোগ-সুবিধা (প্রযোজ্য ক্ষেত্রে হ্যাঁ/না লিখুন) | অতিরিক্তবিষয়সমূহ যদি থাকে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | বিদ্যুতায়ন-<br>বিদ্যুতায়ন ব্যতীত<br>সংযুক্ত স্নানাগার<br>বৈদ্যুতিক পাখা<br>টেলিফোন সংযোগ-<br>টেলিভিশন সংযোগ-<br>বিশুদ্ধ পানি সরবরাহ-<br>কার্পেট সজ্জিত-<br>কার্পেট ব্যতীত- | সংযুক্ত স্নানাগার-<br>সাধারণ স্নানাগার-<br>মহিলাদের জন্য স্নানাগার-<br>পুরুষদের জন্য স্নানাগার-<br>পানি সরবরাহ-<br>গরম ও ঠান্ডা পানি-<br>সাময়িক অতিথিদের জন্য শৌচাগার- | সম্মুখ অফিস-<br>(ক) ২৪ঘন্টার জন্য<br>(খ) অফিস সময়ের জন্য-<br>সভা কক্ষ-<br>খাবার কক্ষ -<br>সম্মেলন কক্ষ-<br>ব্যাংকুয়েট হল- | লন্ড্রি-<br>রন্ধনশালা<br>প্রাথমিক চিকিৎসা-<br>২৪ ঘন্টার জন্য চিকিৎসা-<br>সুবিধা-<br>এ্যাম্বুলেন্স -<br>ভ্যান-<br>টেলেক্স-<br>কক্ষে টেলিফোন সুবিধা-<br>কক্ষের বাহিরে টেলিফোন সুবিধা-<br>বিপণী কেন্দ্রের সুবিধা- | |

বিঃ দ্রঃ- রেস্তোরাঁর ক্ষেত্রে মোট আসন সংখ্যা এবংশীতাতপ নিয়ন্ত্রিত নহে উহা ১নং কলামে উল্লেখ করিতে হইবে।

..............................................

( আবেদকারীর স্বাক্ষর ও সীলমোহর )

সংযুক্তি ' বি'

(পরিচালক, অংশীদার ও শেয়ার হোল্ডারদের সম্পর্কে তথ্যাবলী )

| পূর্ণ নাম । | আবাসিক ঠিকানা । | শিক্ষাগত যোগ্যতা । | কোম্পানীতে পদমর্যাদা | জাতীয়তা । | শেয়ারের মূল্য । |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

.............................................................

(আবেদকারীর স্বাক্ষর ও সীলমোহর)

## সংযুক্তি 'সি'

( বিভিন্ন শ্রেণীর কর্মচারীগনের তালিকা )

প্রতিষ্ঠান প্রধানের নাম ও পদবী-

| বিভাগীয় প্রধানগনের নাম ও পদবী। | রন্ধনশালার কর্মচারীগণের নাম ও পদবী। | খাবার কক্ষের কর্মচারীগণের নাম ও পদবী। | সম্মুখ অফিসের কর্মচারীগণের নাম ও পদবী। | হাউজ কিপিং/পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত কর্মচারীগণের নাম ও পদবী। | অন্যান্য কর্মচারী। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

. . . . . . . . . . . . . . . . . . .

(আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর)

ফরম 'বি'

মনোগ্রাম

লাইসেন্স নং........................ তারিখ ঃ..........................

বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ (নিবন্ধন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৬ এর ৭ নং ধারা অনুসারে হোটেল ব্যবসা চালু রাখিবার জন্য.................................................................কে ............................................................................................................এলাকায় এই শর্তে লাইসেন্স প্রদান করা হইল যে, প্রত্যেক বৎসর ৩১শে ডিসেম্বরের পূর্বে উহা নবায়ন করিতে হইবে।

হোটেলটি..............................তারকা মানসম্পন্ন।

নিয়ন্ত্রক
বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ সেল।

ফরম 'সি'

মনোগ্রাম

লাইসেন্স নং.............................. তারিখ ঃ..........................

বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ (নিবন্ধন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৬ এর ৭ নং ধারা অনুসারে রেস্তোরাঁ ব্যবসা চালু রাখিবার জন্য...................................................................... কে ........................................................................................................ এলাকায় এই শর্তে লাইসেন্স প্রদান করা হইল যে, প্রত্যেক বৎসর ৩১শে ডিসেম্বরের পূর্বে উহা নবায়ন করিতে হইবে।

রেস্তোরাঁটি........................শ্রেণীভুক্ত।

নিয়ন্ত্রক
বাংলাদেশ হোটেল এবং রেস্তোরাঁ সেল।

ফরম 'ডি'

## কর্মচারীদের ডাক্তারী সনদপত্র

[ বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ অধ্যাদেশ, ১৯৮২-এর ৫(২) (বি) ধারা অনুসারে প্রযোজ্য ]

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, আমি জনাব/বেগম.................................................
ঠিকানা..................................................................................................................
কে পরীক্ষা করিয়া দেখিয়াছি।

তিনি সংক্রামক বা ছোঁয়াচে রোগমুক্ত। তিনি হোটেল/রেস্তোরাঁ..................................
পদে কাজ করিবার জন্য উপযুক্ত।

......................................
পদাধিকারীর স্বাক্ষর।

......................................
সিভিল সার্জনের স্বাক্ষর ও সীলমোহর।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ আহমদ
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।

আবদুর রহমান (উপ- সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ- নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০০৬/১০ ফাল্গুন ১৪১২

**এস, আর, ও নং ৩৫-আইন/২০০৬।**—বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ৫২ নং অধ্যাদেশ) এর ধারা ২৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ (নিবন্ধন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৯ এর উপ-বিধি (২) এর প্রথম শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ প্রথম শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, যদি কোন আবেদনকারী উপ-বিধি (১) এ বর্ণিত সময়সীমার মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হন তবে প্রত্যেক মাস অথবা উহার কোন অংশের জন্য অতিরিক্ত পাঁচশত টাকা পরিশোধ করিবেন এবং এই অতিরিক্ত অর্থসহ নবায়নের মেয়াদ প্রত্যেক ৩১ শে মার্চ পর্যন্ত বহাল থাকিবে, তবে ৩১ শে মার্চের পর সরকার প্রয়োজনবোধে প্রত্যেক মাস বা উহার কোন অংশের জন্য অনূর্ধ্ব এক হাজার টাকা বিলম্ব ফিসসহ নবায়নের সময়সীমা সংশ্লিষ্ট বৎসরে প্রয়োজনানুযায়ী বৃদ্ধির ঘোষণা দিতে পারিবে ঃ"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুশফিকুর রহমান**
যুগ্ম-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ২.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৯, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
হোটেল ও রেস্তোরাঁ সেল

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ পৌষ ১৪১১/১৫ ডিসেম্বর ২০০৪

**এস, আর, ও নং ৩৩৪-আইন/২০০৪।**—Bangladesh Hotels and Restaurants Ordinance, 1982 (Ord. No. LII of 1982) এর section 27 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার the Bangladesh Hotels and Restaurants (Registration, Licence and Control) Rules, 1986 এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর—

(ক) rules 5 এর sub-rule (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (3) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(3) The Application Form may be obtained from the office of the Controller on payment of a registration fee of—

(a) Tk. 2500 for Five Star Hotel;
(b) Tk. 2000 for Four Star Hotel;
(c) Tk. 1500 for Three Star Hotel;
(d) Tk. 1000 for Two Star Hotel;
(e) Tk. 500 for One Star Hotel;
(f) Tk. 250 for Restaurant.";

(খ) "SECOND SCHEDULE" এর পরিবর্তে নিম্নরূপ "SECOND SCHEDULE" প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"SECOND SCHEDULE"**

***(See rules 4, 5 and 8)***

| Hotel | Registration fee Taka | Licence fee Taka | Renewal fee Taka |
|---|---|---|---|
| One Star | 500 | 10,000 | 3,750 |
| Two Star | 1,000 | 25,000 | 7,500 |
| Three Star | 1500 | 75, 000 | 20, 000 |
| Four Star | 2,000 | 1,00,000 | 25, 000 |
| Five Star | 2,500 | 1,25,000 | 30,000 |



মূল্য : টাকা ১.০০

**Restaurant for Dhaka, Narayangonj and Chittagong**

| | | Registration fee Taka | Licence fee Taka | Renewal fee Taka |
|---|---|---|---|---|
| (A) | Seating capacity 30-70 (Air-conditioned) | 250 | 7,500 | 2,500 |
| (B) | Seating capacity 30-70 (Non air-conditioned) | 250 | 3,750 | 1,250 |
| (C) | Seating capacity above 70 (Air-conditioned) | 250 | 10,000 | 3,750 |
| (D) | Seating capacity above 70 (Non air-conditioned) | 250 | 5,000 | 2,500 |

**Restaurant for other places**

| | | Registration fee Taka | Licence fee Taka | Renewal fee Taka |
|---|---|---|---|---|
| (E) | Seating capacity 30-70 (Air-conditioned) | 250 | 4,000 | 1,500 |
| (F) | Seating capacity 30-70 (Non air-conditioned) | 250 | 2,000 | 1,250 |
| (G) | Seating capacity above 70 (Air-conditioned) | 250 | 5,000 | 2,500 |
| (H) | Seating capacity above 70 (Non air-conditioned) | 250 | 2,500 | 1,250"। |

২। ইহা ১ জানুয়ারী ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতার হোসেন খান
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নূর-নবী (উপ- সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ- নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।